গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

নং- ৩৮.০০২.০৩১.০০.০০.০০৭.২০১৬- ২১৯

তারিখঃ ২৮ মাঘ ১৪২৬
১১ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্রঃ সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং ৫৮.০০.০০০০.০৬২.০৬.০০১.১৮-৩৭, তারিখঃ ০৪ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ হতে প্রাপ্ত মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে কার্যবিবরণীটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক।

( ড. মোঃ মাহবুবুর রশীদ )
উপসচিব
ফোনঃ ৯৫১৪০৯১

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সংরক্ষণ নথি।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

স্মারক নং- ৩৮.০০.০০০০.৩০১.১৬.৫৯৯.১৮- ১৫৫

তারিখ: ০৭ ফাল্গুন ১৪২৬
২০ ফেব্রুয়ারি ২০২০

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু।
২। প্রকল্প পরিচালক(বিএলপি), উশিব্যু, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাগম, ঢাকা—(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। সিস্টেম এনালিস্ট, উশিব্যু, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৫। উপ-পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৬। সহকারী পরিচালক, (সকল) উশিব্যু, ঢাকা।
৭। সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল), জেলাঃ.................................................
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিব্যু, ঢাকা--(মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অফিস কপি।

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ রিপন কবীর লস্কর)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৮৯২৭৩৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
মাদক-২ শাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০৬২.০৬.০০১.১৮- ৬৭

তারিখঃ ২১ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ০১(এক) মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ০১(এক) মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গত ২৮/০১/২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হ'ল। সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১(এক) ফর্দ।

৪/২/২০২০
(মুহাম্মদ আবদুর রউফ মিয়া)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩২২৯

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৯. চেয়ারম্যান, বিটিআরসি, রমনা, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩। অফিস কপি/মাস্টার কপি।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সচিব-এর দপ্তর

| | |
|---|---|
| অতিরিক্ত সচিব | গুরুত্বপূর্ণ |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন) | জরুরী |
| অতিরিক্ত সচিব (প্রশাসন) | পরীক্ষান্তে পেশ |
| অতিরিক্ত সচিব (বাঃ ও অঃ) | নথিতে পেশ |
| যুগ্ম-সচিব (প্রশাসন) | ব্যবস্থা গ্রহণ |
| যুগ্ম-সচিব (উন্নয়ন) | নথিজাত |
| যুগ্ম-সচিব (বিদ্যালয়) | আলোচনা |
| | সংরক্ষণ |
| সচিবের একান্ত সচিব | সূচিকরণ |
| ডাইরী নং ৪৮২ তারিখ ৯/২/২০২০ | সচিব |

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপ-সচিব প্রশাঃ
উপ-সচিব (বিদ্যা-১)
উপ-সচিব (বিদ্যা-২)
আইন কর্মকর্তা
ব্যক্তিগত কর্মকর্তা
ডাইরী নং
তাং-

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব এর দপ্তর

| | |
|---|---|
| যুগ্ম-সচিব (বিদ্যালয়) | গুরুত্বপূর্ণ |
| | জরুরী |
| | পরীক্ষান্তে পেশ |
| উপ-সচিব (বিদ্যালয়-১) | নথিতে পেশ |
| সিঃ সহঃ সচিব (বিদ্যা-২) | সংরক্ষণ |
| ব্যক্তিগত কর্মকর্তা | সূচিকরণ |
| ডাইরী নম্বর ... তারিখ ১০/২/২০২০ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
মাদক-২ শাখা
www.ssd.gov.bd

মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ০১(এক) মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : ২৮/০১/২০২০, বিকাল ০৩:০০ ঘটিকা। |
| স্থান | : সম্মেলন কক্ষ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিত কর্মকর্তা | : পরিশিষ্ট- 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, দেশের কোমলমতি শিশু ও ছাত্রসমাজকে মাদকের ভয়াবহতা থেকে রক্ষা করতে দেশব্যাপি গণসচেতনতা বৃদ্ধি করতে হবে। ইতোমধ্যে স্ট্র্যাটেজিক কমিটি কর্তৃক মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ০১(এক) মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ) সভার কার্যসূচি উপস্থাপন করেন। সভায় সকল সদস্য উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য মতামত ব্যক্ত করেন।

মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ০১(এক) মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (১) | শিক্ষা প্রতিষ্ঠানে 'মাদকের বিরুদ্ধে না' বলা কর্মসূচি পালন/বাস্তবায়নের তারিখ ও সময় চূড়ান্তকরণ। | অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ) "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি বাস্তবায়নের জন্য সকলের মতামত আহবান করেন। সভাপতি ১৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী হওয়ায় মুজিববর্ষের মার্চ মাসে এ কর্মসূচি বাস্তবায়নের প্রতি গুরুত্বারোপ করেন। অতঃপর সকলের মতামতের ভিত্তিতে ১৯ মার্চ বৃহস্পতিবার বেলা ১১:৩০ টায় সারাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে ০১(এক) মিনিট দাঁড়িয়ে "মাদকের বিরুদ্ধে না" কর্মসূচি বাস্তবায়নের জন্য তারিখ নির্ধারণ করা হয়।<br>**সিদ্ধান্তঃ**<br>(১) সারাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ১৯ মার্চ বৃহস্পতিবার বেলা ১১:৩০ টায় ০১(এক) মিনিট সকল ছাত্র, শিক্ষক ও কর্মচারী একত্রিত হয়ে দাঁড়িয়ে "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;<br>(২) সকল শিক্ষার্থী ও শিক্ষক সম্মিলিতভাবে মাদক গ্রহণ না করার জন্য শপথ বাক্য পাঠ করবে। | (ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,<br>(খ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,<br>(গ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,<br>(ঘ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| (২) | কর্মসূচিটি বাস্তবায়নের জন্য ব্যাপক প্রচার কার্যক্রম গ্রহণ ও পরিচালনা। | অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ) বলেন, এ কর্মসূচিটি সফলভাবে বাস্তবায়নের জন্য সকল টিভি চ্যানেল, বাংলাদেশ বেতার ও এফএম রেডিও এর মাধ্যমে নির্ধারিত দিবসের কমপক্ষে ০৩ দিন আগে থেকে বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের সহযোগিতায় ৩০/৪০ সেকেন্ডের একটি টিভিসি তৈরি করে বিটিভিসহ সকল বেসরকারি টিভি চ্যানেল ও রেডিওতে প্রচার এবং জাতীয় ও আঞ্চলিক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা যেতে পারে। উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>(১) টিভি চ্যানেলে বিজ্ঞাপন ও স্ক্রল প্রদান, বাংলাদেশ বেতার, লোকাল ডিশ চ্যানেল, লিফলেট ও এসএমএস এর মাধ্যমে উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা করা;<br>(২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর একটি টিভিসি তৈরি করবে। | (ক) তথ্য মন্ত্রণালয়,<br>(খ) বিটিআরসি,<br>(গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| (৩) | কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য কমিটি ও উপকমিটি গঠন। | সভায় "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সচিবের নেতৃত্বে গঠিত **মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটি** জাতীয় পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের জন্য উদ্যেগ গ্রহণ করতে পারে বলে সকলে মত প্রকাশ করে। অন্যদিকে জেলা/উপজেলা পর্যায়ে **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির** মাধ্যমে কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।<br><br>সিদ্ধান্তঃ<br>(১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিবের নেতৃত্বে গঠিত **মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটি** এবং **জেলা/উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটি** এ কর্মসূচি বাস্তবায়ন করবে।<br>(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মহোদয়কে এ বিষয়ে সভা আহবানের জন্য অনুরোধ করতে হবে। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগ,<br>(খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,<br>(গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| (৪) | কর্মসূচিটি বাস্তবায়নের বিষয়ে প্রেস ব্রিফিং আয়োজন করা। | এ কর্মসূচি পালন/বাস্তবায়নের নির্ধারিত তারিখের আগের দিন ঢাকায় কেন্দ্রীয়ভাবে এবং সকল বিভাগ, জেলা ও উপজেলায় গণযোগাযোগ অধিদপ্তরের সহযোগিতায় বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক প্রেস ব্রিফিং এর আয়োজন করা যেতে পারে। যেহেতু ১৯ মার্চ বৃহস্পতিবার বেলা ১১:৩০ টায় সারাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ০১(এক) মিনিট দাঁড়িয়ে "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি বাস্তবায়নের জন্য তারিখ নির্ধারণ করা হয়েছে, সেহেতু ১৮ মার্চে প্রেস ব্রিফিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।<br><br>সিদ্ধান্তঃ<br>(১) "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি ব্যাপক প্রচারের জন্য ১৮ মার্চে মন্ত্রণালয়ে প্রেস ব্রিফিং এর ব্যবস্থা গ্রহণ করা;<br>(২) জেলা/উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রেস ব্রিফিং-এর ব্যবস্থা নিবেন। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগ,<br>(খ) সুরক্ষা সেবা বিভাগ,<br>(গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| [(৫) | বাজেট। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বলেন, সারাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে "মাদকের বিরুদ্ধে না" বলা কর্মসূচি বাস্তবায়নের জন্য জেলা পর্যায়ে ক, খ, গ শ্রেণি ভিত্তিক বাজেট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।<br><br>সিদ্ধান্তঃ<br>(১) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিজস্ব বাজেট থেকে জেলা পর্যায়ে ক, খ, গ শ্রেণি ভিত্তিক অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করা। | (ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| (৬) | বিবিধ। | সভাপতি বলেন, এ কর্মসূচি বাস্তবায়নের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে জেলা প্রশাসক বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করতে হবে। অতঃপর সভাপতি এ কর্মসূচি বাস্তবায়নের জন্য আর কারো কোনো মতামত আছে কিনা জানতে চাইলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন, এ কর্মসূচি বাস্তবায়নের জন্য জেলা প্রশাসকদের একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করে দেয়া প্রয়োজন। সভায় সকলে এ বিষয়ে অভিন্ন মত ব্যক্ত করেন।<br><br>সিদ্ধান্তঃ<br>(১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এ কর্মসূচি বাস্তবায়নের জন্য সকল জেলা প্রশাসক বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করবে;<br>(২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবে;<br>(৩) মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে জেলা প্রশাসকগণকে অনুরোধ করার সিদ্ধান্ত হয়। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগ,<br>(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩/৫/২০২০

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ